



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় : ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/১৩০৮

তারিখ : ০১/০৯/২০১৯ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির নির্বাচন/২০১৯ এ অনিয়মের অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : (i) জনাব রেবেকা মমিন, মাননীয় সংসদ সদস্য, ১৬০, নেত্রকোণা মহোদয়ের সুপারিশকৃত জনাব শফিকুল আলম আকন্দের একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে নেত্রকোণা জেলার খালিয়াজুড়ী উপজেলাধীন “সাতগাঁও এম,বি,পি উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির নির্বাচন/২০১৯ এ অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগে জনাব শফিকুল আলম আকন্দ উল্লেখ করেন তাঁর পিতা মরহুম ইফ্রান্দার আলী আকন্দ বিদ্যালয় প্রতিষ্ঠার সময় ০১(এক) একর জমি প্রদানসহ পরবর্তীতে বিদ্যালয় ভবন নির্মাণ ও আরও ৫০ শতাংশ জমি প্রদান করে বিদ্যালয়ে দাতা সদস্য ছিলেন। তাঁর পিতার মৃত্যুর পর জনাব শফিকুল আলম আকন্দ বিদ্যালয়ের পুকুর সম্প্রসারণ ও সৌন্দর্য বৃদ্ধিকল্পে আর ২০ শতাংশ ভূমি দান করে বিগত কয়েক বছর যাবত কমিটির দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিলেন। কিন্তু ২০১৯ সালের ম্যানেজিং কমিটির নির্বাচনে তাঁকে পরিকল্পিতভাবে দাতা সদস্য হওয়া থেকে বঞ্চিত করা হয় বলে তিনি উল্লেখ করেন। অধিকন্তু তিনি বিদ্যালয়ে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা চাঁদা প্রদান করে স্থায়ী দাতা সদস্য হওয়ার জন্যও ইচ্ছা পোষণ করেন।

এমতাবস্থায়, অভিযোগকারীকে ম্যানেজিং কমিটির দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করার বিষয়টির সত্যতা যাচাই এবং প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনের বৈধতার বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা অনুযায়ী

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুড়ী, নেত্রকোণা।

ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ১৩০৮ (৪)

তারিখ :

০১/০৯/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খালিয়াজুড়ী, নেত্রকোণা।
- ৩। প্রধান শিক্ষক, সাতগাঁও এম,বি,পি উচ্চ বিদ্যালয়, খালিয়াজুড়ী, নেত্রকোণা।
- ৪। অফিস কপি।

Islam
০১.০৯.১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

Islam